গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.০৮২.১১.০০৫.২০.৭৩

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৯ / ১৯ ফেব্রুয়ারি ২০২৩

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ১২-০৯-২০২২ তারিখের ৮০.০০.০০০০.৩০(গোপনীয়).১১.২৫২২.২০২২.১৮৫ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুযায়ী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএজি) কার্যালয়ের রাজস্বখাতভুক্ত সিস্টেম এনালিস্ট এর স্থায়ী পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাঃ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) এ নিম্নোক্ত ২ জন প্রার্থীকে শিক্ষানবিশ হিসেবে অস্থায়ীভাবে নিয়োগ করা হলোঃ

| ক্রমিক | প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর | নাম, পিতা ও মাতার নাম | ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | ০০০০৫৭ | জনাব মোঃ সাইফুর রহমান<br>পিতা: মোঃ বদিউল আলম<br>মাতা: রহিমা খাতুন | গ্রাম: ঝিনাইদহ বাসস্ট্যান্ড পাড়া, সাতগাড়ি রোড, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা। |
| ০২ | ০০০০৯০ | জনাব মোঃ আহসান হাবীব<br>পিতা: মোঃ আনোয়ার হোসেন<br>মাতা: মোছাঃ মোহতারেমা বেগম | গ্রাম: খোর্দ্দ তামপাট সর্দারপাড়া, ডাকঘর: নগর মীরগঞ্জ, উপজেলা: রংপুর সদর, জেলা: রংপুর। |

নিয়োগের শর্তাবলি:

১. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

২. নিয়োগের সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা কর্মদক্ষ হবার সম্ভবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন;

৩. শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ী করা হবে;

৪. নিয়োগের সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সংগঠিত স্বাস্থ্য পরীক্ষার (ডোপটেস্ট) ফলাফলের ব্যতিক্রম চাকরিতে যোগদান পরবর্তীকালে ঘটলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

৫. শিক্ষানবিশকালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;

৬. সরকার/নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যেরূপে পেশাগত প্রশিক্ষণ নির্ধারণ করবে তাঁদেরকে সেরূপে পেশাগত/ বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

৭. আবেদনপত্রে প্রদানকৃত নিজ জেলা সম্পর্কিত তথ্য বা অন্য কোন তথ্য মিথ্যা প্রদান করা হয়েছে মর্মে প্রতীয়মান হলে এ নিয়োগ বাতিল করা হবে;

৮. দাখিলকৃত কোন একটি বা সকল সনদ পত্র ভুয়া/জাল প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ বাতিল করা হবে;

৯. তিনি কোন বিদেশী নাগরিকত্ব গ্রহণ করে থাকলে কিংবা বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে তাঁর/তাঁদের এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

১০. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

১১. এ নিয়োগপত্রে কোন শর্ত সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারের প্রচলিত আইন, বিধিমালা, আদেশ এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

১২. প্রার্থীগণ চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

০২। উপরি-উক্ত শর্তসমূহ প্রতিপালনে সম্মত হলে আগামী ১ মার্চ, ২০২৩ তারিখ পূবাহ্নে অর্থ বিভাগের সিনিয়র সচিব বরাবর যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/১৯-০২-২০২৩

(মোহাম্মদ ইকতিদার আলম)
উপসচিব
ফোন: ৫৫১০০১৮১

নং-০৭.০০.০০০০.০৮২.১১.০০৫.২০.৭৬

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৯ / ১৯ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএজি কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।
০৫। যুগ্ম সচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
০৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি, নির্বাচন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। জনাব ..........................................................................................
১১। অফিস কপি।

(মোহাম্মদ ইকতিদার আলম)
উপসচিব